


সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/এরিয়া অফিস/কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।


বিষয়ঃ চাল আমদানির ক্ষেত্রে এলসি মার্জিন নির্ধারণ প্রসংগে।

জনাব,

শিরোনামীয় বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০ এর বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ তারিখ : ১৯ জুন, ২০১৭/০৫ আষাঢ়, ১৪২৪ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০ এর বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ তারিখ : ১৯ জুন, ২০১৭/০৫ আষাঢ়, ১৪২৪ এর জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য অত্র ব্যাংকের সকল এডি শাখাসহ সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।


(আবুল কালাম আজাদ)
সহকারী মহাব্যবস্থাপক


(মাসফিউল বারী)
উপ মহাব্যবস্থাপক

অনুলিপি :-

- ১। কোম্পানী সেক্রেটারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পি এস টু সিইও এন্ড এমডি/ উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পি এ টু সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা; লোকাল অফিস, ঢাকা; জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা, বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর/ঢাকা-দক্ষিণ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/কুমিল্লা/ফরিদপুর।
- ৪। নথি।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এজিএম, একটিডি (ইন্সোল্ট) সমীপেঃ

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬

১৯ জুন, ২০১৭

তারিখ : -----

০৫ আষাঢ়, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

ক্রমিক নং ০২/১৫/১৯
২০/০৬/১৭

প্রিয় মহোদয়,

চাল আমাদানির ক্ষেত্রে এলসি মার্জিন নির্ধারণ প্রসংগে।

এলসি মার্জিন নির্ধারণ সংক্রান্ত ০২ ডিসেম্বর, ২০০৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারে সকল প্রকার আমাদানির ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মার্জিনের হার নির্ধারণ করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে।

০২। সাম্প্রতিক সময়ে হাওড় এলাকায় বন্যা, দেশের বিভিন্ন অঞ্চলে অতিবৃষ্টিসহ অন্যান্য প্রাকৃতিক দুর্ভোগের কারণে চালের স্বাভাবিক সরবরাহে বিঘ্ন ঘটায় চালের বাজারে অস্থিতিশীলতা পরিলক্ষিত হচ্ছে। এতদপ্রেক্ষিতে, নিত্য প্রয়োজনীয় পণ্য হিসেবে বাজারে চালের সরবরাহ নিশ্চিতকরণার্থে চাল আমাদানির ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে শূন্য মার্জিনে ঋণপত্র স্থাপনের জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।

০৩। তাছাড়া, ধান, চাল ব্যবসায়ী ও চাতাল/মিল মালিকদের ঋণের পরিশোধ সময়সীমা পুনঃনির্ধারণ সংক্রান্ত ২৯ ডিসেম্বর, ২০১০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ এর নির্দেশনা অনুযায়ী Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি ঋণের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণসহ সকল ধান/চাল ব্যবসায়ীদের গৃহীত অগ্রীম/ঋণ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করার বাধ্যবাধকতা রয়েছে। উক্ত নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পুনরায় পরামর্শ দেয়া হলো।

০৪। ক্রমিক নং ০২ এর নির্দেশনা ৩১ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত বহাল থাকবে।

আপনাদের বিশ্বস্ত,



(সাইফুল ইসলাম)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোন: ৯৫৩০১৫৫